# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 05 July, 2025

ডেঙ্গু নিয়ন্ত্রণে এডিস মশার প্রজনন স্থল ধ্বংস ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) শনিবার অঞ্চল-০৪ এলাকায় বিশেষ পরিচ্ছন্নতা এবং মশক নিধন অভিযান পরিচালনা করেছে।

সম্রাট বাহাদুর শাহ জাফর উদ্যান সংলগ্ন এ অভিযানে ডিএসসিসির বর্জ্য ব্যবস্থাপনা ও স্বাস্থ্য বিভাগের ছয় শতাধিক কর্মী এবং স্থানীয় সোসাইটির মানুষ অংশ নেন।ড্রেন, নর্দমা ও ফুটপাতের ময়লা পরিষ্কারসহ মশার ওষুধ প্রয়োগ করা হয় ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৪২ ও ৪৩ নম্বর ওয়ার্ডে।জনসচেতনতামূলক র‍্যালি অনুষ্ঠিত হয় স্থানীয় বাসিন্দাদের অংশগ্রহণে।

ডিএসসিসির প্রশাসক মো. শাহজাহান মিয়া জানান, এটি ডেঙ্গু নিয়ন্ত্রণে বিশেষ পরিচ্ছন্নতা অভিযানের চতুর্থ পর্ব। এর মূল উদ্দেশ্য জনসচেতনতা বৃদ্ধি ও স্থানীয় নাগরিকদের সম্পৃক্তকরণ।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় বিভাগের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদী বলেন, “ডেঙ্গু নিয়ন্ত্রণে জনগণের অংশগ্রহণই সবচেয়ে গুরুত্বপূর্ণ।নিজের ঘর-বাড়ি ও আশপাশ পরিষ্কার না করলে এই বিশাল শহরে ডেঙ্গু নিয়ন্ত্রণ করা সম্ভব হবে না।আমরা ‘ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২৫’ প্রণয়ন করছি, যাতে সরকারের পাশাপাশি নাগরিকদের দায়িত্ব সুস্পষ্ট হবে।”

ডিএসসিসি প্রশাসক আরও বলেন, “আমরা এডাল্টিসাইডিংয়ে ব্যবহৃত প্রতিটি ফগার মেশিনে কীটনাশকের পরিমাণ ৩০ লিটার থেকে বৃদ্ধি করে ৬০ লিটার করেছি।মশার

ওষুধ ছিটানো কার্যক্রম আরও তদারকি করার জন্য অঞ্চলভিত্তিক টিম গঠন করা হয়েছে।”

এতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. জহিরুল ইসলাম, সচিব মুহাম্মদ শফিকুল ইসলামসহ অন্যান্য বিভাগীয় প্রধান ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ডেঙ্গু নিয়ন্ত্রণ এডিস মশা ডিএসসিসি দক্ষিণ সিটি করপোরেশন ঢাকা

© 2025 TimesToday. All Rights Reserved.